চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি) ০৬ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

আসন্ন শারদীয় দূর্গা পূজা উপলক্ষে মহানগর পূজা উদ্‌যাপন কমিটির সাথে মতবিনিময়কালে মেয়র

## কোন সাম্প্রদায়িক শক্তি এই সম্প্রীতির অগ্রযাত্রা বিনিষ্ট করতে চাইলে জনগনকে সাথে নিয়ে প্রতিরোধ গড়ে তুলতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, চট্টগ্রাম নগরী হচ্ছে সাম্প্রদায়িক সম্প্রীতির নগর। আবহমানকাল ধরে এই সম্প্রীতি চলমান আছে। এখানে কোন ধর্ম-বর্ণের ভেদাভেদ নেই। শারদীয় দূর্গোৎসব বাঙ্গালীর সংস্কৃতির ঐতিহ্যের একটি অংশ। কোন সাম্প্রদায়িক শক্তি এই সম্প্রীতির অগ্রযাত্রা বিনিষ্ট করতে চাইলে তা কোনদিন সম্ভব হবে না। নগরীতে সামাজিক সম্প্রীতি কমিটি গঠন এবং নগরে সম্প্রীতি সমাবেশ করবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। ধর্মীয় উগ্রবাদ, জঙ্গিবাদ, সহিংসতা ও সন্ত্রাসবাদ প্রতিহত করার উপর গুরুত্ব দিয়ে জনগনকে সচেতন করতে হবে। তিনি বলেন, আসন্ন শারদীয় দূর্গোৎসবে নগরীর প্রতিটি পূজা মন্ডপে নিরাপদ ও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার লক্ষ্যে পর্যাপ্ত আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সিটি কর্পোরেশন ও পূজা কমিটির স্বেচ্ছাসেবকগণ নিয়োজিত থাকবে। এবং প্রতিটি পূজা মন্ডপে সিসিটিভি ক্যামরা বসানোর জন্য কমিটির নেতৃবৃন্দের প্রতি আহ্বান জানান। এছাড়াও প্রতিটি পূজা মন্ডপ এলাকায় রাস্তা সংস্কার ও পরিচ্ছন্ন পরিবেশ বজায় রাখার নির্দেশনা দেয়া হয়েছে সিটি কর্পোরেশনের সংশ্লিস্ট বিভাগকে। পতেঙ্গা সমুদ্র সৈকত, অভয়মিত্র ঘাট ও কালুরঘাট এলাকায় প্রতিমা বিসর্জন কর্মসূচীর ব্যয়ভার সিটি কর্পোরেশন বহন করবে বলেও জানান মেয়র। আজ মঙ্গলবার সকালে শারদীয় দূর্গা পূজা উপলক্ষে বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ চট্টগ্রাম মহানগর কমিটির সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। মহানগর পূজা উদ্‌যাপন কমিটির সভাপতি লায়ন আশীষ কুমার ভট্টাচার্য ও সাধারণ সম্পাদক হিল্লোল সেন উজ্জলের সঞ্চালনায় এতে বক্তব্য রাখেন ওয়ার্ড কাউন্সিলর জহর লাল হাজারী, শৈবাল দাশ সমুন, হাসান মুরাদ বিপ্লব, পুলক খাস্তগীর, আবদুস সালাম মাসুম, সংরক্ষিত কাউন্সিলর নিলু নাগ, রুমকী সেন, এড. চন্দন তালুকদার, সাধন ধর, প্রকৌশলী ঝুলন কুমার দাশ, অরবিন্দু পাল অরুন, অধ্যাপক অর্পণ কান্তি ব্যানার্জি, অরূপ রতন চক্রবর্তী, সুজিত দাশ, সজল দত্ত, বিপ্লব সেন, রাধা রাণী দেবী, বিমল দেব প্রমুখ।

মেয়র আরো বলেন, একটি মহল ঘোলা পানিতে মাছ শিকার করে নানা অপপ্রচার ও মিথ্যাচারের মধ্যদিয়ে বাঙ্গালীর এই ঐতিহ্যকে নস্যাৎ করার ষড়যন্ত্র করে যাচ্ছে। তারা আন্দোলনের নামে দেশকে অস্থিতিশীল করার চক্রান্তে লিপ্ত। আমাদেরকে এই অপশক্তির বিরুদ্ধে শান্তিময় পরিবেশ রক্ষায় জনগনকে সাথে নিয়ে প্রতিরোধ গড়ে তুলতে হবে। তিনি বলেন, সন্ত্রাস অস্ত্রবাজি, গ্রেনেড হামলা ও সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টের ষড়যন্ত্রের মতো নেতিবাচক রাজনীতির মানষিকতা ছেড়ে দিয়ে রাজনৈতিক আচরণ করতে হবে। মেয়র মহানগর পূজা উদযাপন কমিটির তত্ত্বাধানে নগরীতে যে সকল মন্ডপ স্থাপন করা হবে তাদের প্রতিটি মন্ডপের জন্য প্রতি বছরের ন্যায় চসিকের পক্ষ হতে আর্থিক অনুদান প্রদানের ঘোষণা দেন।

মহেশ খালের পার্শ্বে নির্মিত সড়ক ও ব্রীজ উদ্বোধনকালে সিটি মেয়র

## চট্টগ্রাম নগরীকে বিশ্বমানের নগরীতে পরিণত করতে সচেষ্ট থাকবো

নগরীর উত্তর হালিশরে মহেশখালের পার্শ্বে নবনির্মিত সড়ক ও ব্রীজ উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী। এ সময় তিনি বলেন, এই সড়কটি চালুর হওয়ার ফলে শুধু উত্তর হালিশহর নয় আশ পাশের জনসাধাণের যোগাযোগের ক্ষেত্রে আমুল পরিবর্তন ঘটবে। তিনি বলেন, ঠিকাদারের নানা অনিয়মের ফলে প্রায় দুই বছর এই সড়কের নির্মাণ কাজ বন্ধ ছিল। আমি নির্বাচিত হওয়ার পর এলাকাবাসির চাহিদার কথা বিবেচনা করে অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্পটির কাজ শুরু করি। তিনি জাইকা ও প্রকৌশলীদের সুষ্ঠু ব্যবস্থাপনায় সড়কটির নির্মাণ কাজ দ্রুত শেষ করায় সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। তিনি বলেন, সড়কটি দিয়ে প্রতিদিন হালিশহর,

পাহাড়তলী সরাইপাড়া, ফুল চৌধুরী পাড়া, দক্ষিণ কাট্টলী ও উত্তর কাট্টলী বাসিন্দারা সহজেই পতেঙ্গা, রিং রোড, বিমান বন্দরে আসা-যাওয়া করতে পারবে। এছাড়া বিমান বন্দর যাত্রীদের সময় ও ভোগান্তি অনেকাংশে কমে আসবে এবং অতি অল্প সময়ের মধ্যে মূল সড়কে চলে আসতে পারবেন। তিনি আরো বলেন, চট্টগ্রাম নগরীকে বিশ্বমানের নগরীতে পরিণত করতে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা যে আন্তরিকতা পোষণ করেছেন তাকে গুরুত্ব দিয়ে চট্টগ্রামের মেগা প্রকল্পগুলোর পাশাপাশি নগরীর রাস্তাঘাট সংস্কারের জন্য সরকার প্রদত্ত দুই হাজার পাঁচশত কোটি টাকার প্রকল্পগুলো এই শুষ্ক মৌসুমে দ্রুততার সাথে বাস্তবায়ন করতে হবে। না হয় মেগা প্রকল্পগুলোর সুফল জনগন ভোগ করতে পারবে না। আজ মঙ্গলবার বিকেলে নবনির্মিত মহেশখাল সড়ক ও ব্রীজের উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর লায়ন মো. ইলিয়াছের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন-প্যানেল মেয়র আফরোজা কালাম, কাউন্সিলর প্রফেসর ড. নিছার উদ্দিন আহমদ মঞ্জু, অধ্যাপক মো. ইসমাইল, আবদুল মান্নান, হাসান মুরাদ বিপ্লব, মো. সলিম উল্লাহ বাচ্চু, মো. নুরুল আমিন, আবদুস সালাম মাসুম, আবুল হাসনাত মো. বেলাল, সংরক্ষিত কাউন্সিলর হুরে আরা বিউটি, আওয়ামী লীগ নেতা এরশাদুল আমিন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবু সালেহ, মনিরুল হুদা, নির্বাহী প্রকৌশলী আশিকুল ইসলাম প্রমুখ।

মেয়র আরো বলেন, নগরীতে বসবাস করলেও এতদিন কাঁদা ও পানি মাড়িয়ে এই এলাকার জনসাধারণকে চলাচল করতে হতো। জনজীর্ণ কালভার্ট গুলোর কারণে গাড়ী চলাচল করতে পারতেনা। তিনি পুন: উল্লেখ করে বলেন, নগরীর একটি রাস্তাও আধা-পাকা ও কাঁচা থাকবেনা। চসিক গৃহীত প্রকল্পগুলো বাস্তবায়িত হলে নগরবাসির চলাচলের দৃশ্যপট পাল্টে যাবে। মেয়র চট্টগ্রামের উন্নয়নে সকলকে আন্তরিকভাবে এগিয়ে আসার আহ্বান জানিয়ে বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালি করলে চট্টগ্রামসহ  সারা দেশের যে উন্নয়ন চলছে তা আরও গতিশীল হবে।

চসিক ভ্রাম্যমাণ আদালত

## দেওয়ানহাট ওভারব্রীজের নীচ থেকে প্রায় দুই শতাধিক অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান পরিচালনা করে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরীর ডবলমুরিং থানাধীন দেওয়ানহাট ওভার ব্রীজের নীচ থেকে প্রায় দুই শতাধিক কাঁচা-পাকা দোকান ও ঘর উচ্ছেদ করে জায়গাটি অবৈধ দখলমুক্ত করা হয়। অভিযান অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, র‌্যাব, ডবলমুরিং থানা ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ  ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

**স্বাক্ষরিত/-**
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩